| | | |
|---|---|---|
| উন্নয়নের গণতন্ত্র<br>শেখ হাসিনার মূলমন্ত্র | শেখ হাসিনার দর্শন<br>বাংলাদেশের উন্নয়ন | শেখ হাসিনার দর্শন<br>সব মানুষের উন্নয়ন |

উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা
-:নোটিশ-:

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২২-৪৮৩, তারিখঃ ১৯.০৬.২০২৩ খ্রি.

কেন্দুয়া উপজেলা পরিষদের জুন/২০২৩ মাসের মাসিক সাধারণ সভা আগামী ২২ জুন ২০২৩ খ্রি: রোজ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমূহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভায় আলোচ্য সূচীঃ

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। এডিপি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা।
০৩। বিভাগীয় আলোচনা।
০৪। হাট-বাজার বিষয়ে আলোচনা।
০৫। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।
০৬। গ্রাম আদালত বিষয়ক আলোচনা।
০৭। বিবিধ আলোচনা।

১৯/০৬/২৩
(কাবেরী জালাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২২-৪৮৩, তারিখঃ ১৯.০৬.২০২৩ খ্রি.

বিতরণকার্যার্থেঃ -

.............................................. (সংশ্লিষ্ট সকল)
কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৯, নেত্রকোণা-৩ (কেন্দুয়া-আটপাড়া নির্বাচনী এলাকা)।
২। জেলা প্রশাসক, নেত্রকোণা।

১৯/০৬/২৩
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর জুন ২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।
সভার তারিখ ঃ ২২ জুন ২০২৩ খ্রি. সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সর্বসম্মতি সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থ বছরের এডিপি ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় সকল পিআইসি ও টেন্ডারের প্রকল্পসমূহের কাজ উপজেলা পরিষদের সকল সদস্যদের সহায়তায় সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। আগামী অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের স্কীম সমূহ বছরের শুরুতেই নির্বাচন ও দাখিল করার জন্য অনুরোধ করেন। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| ২. | উপজেলা কৃষি বিভাগ | ০১.নিয়মিত কার্যক্রম : চলতি খরিফ-১ মৌসুমে ৩৫০ হেক্টর জমিতে আউশ ধানের আবাদ হয়েছে। মাঠে দন্ডায়মান ফসলের সার্বিক অবস্থা ভাল। সার ও কীটনাশক মজুদ পরিস্থিতি স্বাভাবিক রাখতে মনিটরিং চলমান এবং কোন প্রকার সংকট নেই।<br>০২.উন্নয়ন প্রকল্প সংক্রান্ত বিষয়: অত্র উপজেলায় বিভিন্ন ফসলে আধুনিক জাত সম্প্রসারণের জন্য চলতি খরিপ-১ মৌসুমে আউশ আবাদে ব্রিধান ৮৫, বিনা-১৯, বিনা-২১ সহ অন্যান্য আধুনিক জাত চাষ করা হয়েছে।<br>এছাড়া পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ সবজি উৎপাদনের জন্য সেক্স ফেরোমন ফাঁদ স্থাপন, মাটির খাদ্য সুরক্ষায় পরিবেশবান্ধব ভার্মি কম্পোষ্ট ও ট্রাইকো কম্পোষ্ট সার উৎপাদন ব্যবহার ও কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>৬টি ইউনিয়নে সরাসরি কৃষকদের সেবা দানের জন্য ফিয়াক সেন্টার স্থাপন করা হয়েছে।<br>কৃষি প্রণোদনা কার্যক্রম: ২০২২-২৩ অর্থ বছরে খরিফ-২/২০২৩-২৪ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে ১০০০ জনকে উফশী রোপা আমন ধান ফসলের বিনামূল্যে বীজ ও সার বিতরণ কাজ চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৩. | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, অত্র দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান। | দপ্তরের নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৪. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উন্মুক্ত জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিল নার্সারীতে রেনু মজুদ করা হবে এবং পরবর্তীতে উৎপাদিত পোনা বিলে অবমুক্ত করা হবে। উন্মুক্ত জলাশয়ে শোল, টাকি, বোয়াল ও অন্যান্য দেশীয় প্রজাতির মাছের প্রজনন মৌসুমে ডিম ও পোনা ছাড়বে তা নির্বিচারে অবৈধ বাঁধ ও জাল দিয়ে ধরা থেকে বাঁচাতে নিয়মিত মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা করার জন্য উপজেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের সহযোগিতা কামনা করা হয়। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | দপ্তরের নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের পক্ষে একাডেমিক সুপারভাইজার সভায় জানান যে, নতুন কারিকুলাম অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের কাজ স্বাভাবিকভাবে চলমান। তাছাড়া দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ৬. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১। প্রধান শিক্ষক পদে পদোন্নতি সংক্রান্ত: উপজেলার ১৮২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে শূন্য পদ ৪৭টি এবং চলতি দায়িত্বপ্রাপ্ত ৪৩টি পদে পদোন্নতির কার্যাক্রম চলমান আছে।<br>২। স্লীপ কার্যাক্রম: ইতিমধ্যে অত্র উপজেলার ১৮২টি বিদ্যালয়ের মধ্যে বরাদ্দ প্রাপ্ত ১৮২টি বিদ্যালয়ের ১ম পর্যায়ের বিল পাশ হওয়ার পর বিদ্যালয়ের প্রধান শিক্ষকের হিসাব নম্বরের মাধ্যমে বিলের টাকা পরিশোধ করা হয়েছে এবং | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অসম্পন্ন কাজ দ্রুত সম্পন্ন করার নির্দেশ প্রদান করেন।<br>৩। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল টুর্নামেন্ট প্রতিযোগিতা ইউনিয়ন পর্যায়ে শুরু হওয়ার পর জাতীয় পর্যায়ের নির্দেশের প্রেক্ষিতে বর্তমানে স্থগিত আছে এবং উক্ত টুর্নামেন্ট খুব দ্রুতই শুরু হবে।<br>৪। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশের প্রেক্ষিতে সারা বাংলাদেশের ন্যায় ২২.০৬.২০২৩ খ্রি: তারিখে কেন্দুয়া উপজেলার প্রতিটি বিদ্যালয়ে বৃক্ষোপন কর্মসূচি উদযাপিত হবে। | | |
| ৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ চক্রের ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ১৬২৫ জনের বরাদ্দ পাওয়া গেছে । বরাদ্দের প্রেক্ষিতে এবং ২০২৩-২৪ চক্রের ভিডব্লিউবি এপ্রিল ২০২৩ ডিও চিঠি দেওয়া হয়েছে এবং মাসিক সঞ্চয় ২২০/- টাকা হারে বলা হয়। মা ও শিশু ২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দ আসে। চলমান আবেদন অনলাইনে করা হচ্ছে। যাহা চলমান রয়েছে। মা ও শিশু পৌরসভা ২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দ আসে এবং আবেদন চলমান রয়েছে। (wtc) সেলাই এমব্রডারী প্রশিক্ষন সেন্টার ৩০ জন এর পরিবর্তে ১০ জন প্রশিক্ষনার্থীর কাজ চলমান। কিশোর কিশোরী ক্লাব ১৩টি ইউনিয়ন ও ০১টি পৌরসভা মোট ১৪টি কিশোর কিশোরী ক্লাবে সংগীত ও আবৃত্তি ক্লাস চলমান আছে। আইজিএ প্রশিক্ষণ ট্রেড বিউটিফিকেশন ও ফ্যাশন ডিজাইন প্রশিক্ষণ কাজ সাময়িকভাবে বন্ধ আছে। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কেন্দুয়া |
| ৮. | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর উপজেলা পরিষদ এবং নির্বাচনী ১ম ২য় ও ৩য় পর্যায়ের কাজ শেষ হয়েছে। গ্রামীণ অবকাঠামো সংস্কার কাবিখা/কাবিটা উপজেলা পরিষদ এবং নির্বাচনী ১ম ২য় ও ৩য় পর্যায়ের কাজ শেষ হয়েছে। গ্রামীণ রাস্তার ১৫ মি: দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের আওতায় ৩টি ব্রিজের কাজ সমাপ্ত হয়েছে। গ্রামীণ রাস্তায় হ্যারিং বোন বন্ড এইচবিবি করণ প্রকল্পের আওতায় ১ কিমি রাস্তার কাজ সমাপ্ত হয়েছে।<br>২০২২-২৩ অর্থ বছরে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে কাজ শুরু হবে। এখন পর্যন্ত এই অর্থ বছরে নতুন কোন বরাদ্দ পাওয়া যায় নি। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউপি |
| ৯. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০. | উপজেলা পল্লী বিদ্যুৎ বিভাগ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কেন্দুয়া প্রতিনিধি সভায় জানান যে, আমাদের চাহিদার তুলনায় বিদ্যুৎ সরবরাহ কম থাকায় লোডশেডিং হচ্ছে। এই সমস্যা সমাধানে বিদ্যুৎ মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে। এজন্য সহকলের সহযোগিতা কামনা করেন। তাছাড়া অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কেন্দুয়া |
| ১১. | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, ইউনিয়ন পর্যায়ে সকল সম্মানিত চেয়ারম্যানগনের অবগতির জন্য বলেন, যে সকল ইউনিয়নের চেয়ারম্যান মহোদয়গণ এখনও পর্যন্ত জুন/২৩ খ্রি: মাসের ভিজিডি ও ভিজিএফ এর চাল উত্তোলন করেন নাই, তাদেরকে ২৮.০৬.২৩ খ্রি: তারিখের মধ্যে চাল উত্তোলনের জন্য অনুরোধ করেন। তাছাড়া অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১২. | পল্লী দারিদ্র্য বিমোচন বিভাগ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| ১৩. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৪. | যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের ৫৫ জনের ঋণ বিতরণ করা হয়েছে ২৯,২০,০০০/- টাকা। শুরু হতে এ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ২,৬১,৫৬,৫০০/- টাকা। এদের মধ্যে ঋণ খেলাপী রয়েছে ১৫,২৪,২৩৭/- টাকা। চলতি অর্থ বছরে আদায়কৃত হয়েছে ১৮,৫৫,৭৭৩/- টাকা। ২০২২-২৩ অর্থ বছরে প্রশিক্ষণার্থীর সংখ্যা পুরুষ ১২৩ জন, মহিলা ১১৭ জন মোট ২৪০ জন। ক্রমপুঞ্জিত প্রশিক্ষণার্থীর সংখ্যা পুরুষ ৩৬৯০ ও মহিলা ২৮৫১ জন মোট ৬৫৪১ জন। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | আপা | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা |
| | জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কেন্দুয়া সভায় জানান যে, অত্র দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কেন্দুয়া |
| ১৭. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় কৃষক সমবায় সমিতি ও অন্যান্য প্রকল্পের বিপুল অংকের ঋণ খেলাপি হয়ে মাঠে পড়ে রয়েছে তাই উক্ত ঋণ খেলাপি আদায়ের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের কাছে সহযোগিতা চান। পরিদর্শকদেরকে ব্লক ওয়ারী ঋণ খেলাপি সকল সদস্যের নামে ঋণ পরিশোধের চূড়ান্ত নোটিশ প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। অপ্রধান শস্য উৎপাদন প্রকল্পের কাজ স্বাভাবিক আছে। উক্ত প্রকল্পের আওতায় উপজেলার বিভিন্ন গ্রামে মোট ২৮টি দল গঠন করা হয়েছে। দলের সদস্য/সদস্যদের প্রশিক্ষণ প্রদান করে অপ্রধান শস্য চাষে আগ্রহী করা হচ্ছে পাশাপাশি স্বল্প সুদে অপ্রধান শস্য চাষের জন্য ঋণ বিতরণ করা হচ্ছে। পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় আশুজিয়া ও বলাইশিমুল ইউনিয়নে উন্নয়ন কাজ অব্যাহত আছে। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৮. | উপজেলা পল্লী সঞ্চয় বিভাগ | সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক, কেন্দুয়া সভায় বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বপ্নপ্রসুত পল্লী সঞ্চয় ব্যাংক, কেন্দুয়া শাখায় মোট সমিতি সংখ্যা ৩৮১টি যার সদস্য সংখ্যা ১৪৮৮১ জন। সদস্য কর্তৃক সঞ্চয় জমা আছে ৬.৫০ কোটি টাকা । মোট ঋণ আউটস্ট্যান্ডিং আছে ২১.১২ কোটি টাকা। ২০২২-২৩ অর্থ বছর আমরা লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪৮% আদায় করতে সক্ষম হয়েছে। শাখায় মোট খেলাপী ঋণের পরিমান ১২.৪০ কোটি টাকা। চলতি অর্থ বছরে শাখার খেলাপী ঋণ কমিয়ে শাখাকে লাভজনক ভাবে পরিচালিত করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক, কেন্দুয়া |
| ১৯. | চেয়ারম্যান, রোয়াইলবাড়ী ইউপি | চেয়ারম্যান, রোয়াইলবাড়ী ইউপি সভায় বলেন যে, ইউনিয়নের সার্বিক পরিস্থিতি ভালো। বগা বাজারের রাস্তাটি ১কিমি পাকা ছিল। পাকা রাস্তায় ০১টি ইউড্রেন ভেঙ্গে পড়ে আছে। ইউড্রেনটি সংস্কারের ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ২০. | চেয়ারম্যান গন্ডা ইউপি | চেয়ারম্যান, গন্ডা ইউপি সভায় বলেন যে, ২০২১-২২ অর্থ বছরের অর্থ বছরের হ্যারিং বোন বন্ড রাস্তা ছিল কাজ এখনো ধরা হয় নি। আঠারবাড়ী রাস্তার কাজ বন্ধ আছে। এতে যাতায়াতের সমস্যা হচ্ছে। গন্ডা হতে ভূইয়া বাজার রাস্তায় ১টি ব্রিজ ভেঙ্গে গেছে। ব্রিজটি সংস্কারের জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ২১. | চেয়ারম্যান, গড়াডোবা ইউপি | চেয়ারম্যান, গড়াডোবা ইউপি সভায় জানান যে, চিকনি বিদ্যাবল্লভ হয়ে বাশাটি রাস্তায় ব্রিজ ভেঙ্গে গেছে। ব্রিজটি সংস্কারের জন্য অনুরোধ করেন। সহনাটি গৌরিপুর রাস্তার পাশে ০১টি ব্রিজ ভেঙ্গে গেছে। ব্রিজটি সংস্কারের জন্য অনুরোধ করেন। শিমুলতলা থেকে করমহরী রাস্তায় গাছ ভেঙ্গে পড়ে যাচ্ছে। বন বিভাগের মাধ্যমে গাছগুলোর দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেন। বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতাভোগীদের টাকা হ্যাকারদের মাধ্যমে নিয়ে যাচ্ছে। এ বিষয়টি দেখার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি), উপজেলা সমাজসেবা কর্মকর্তা, |
| ২২. | চেয়ারম্যান, নওপাড়া ইউপি | চেয়ারম্যান, নওপাড়া ইউপি সভায় বলেন যে, পাচহার বিলে মোবাইল কোর্ট পরিচালনার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ২৩. | চেয়ারম্যান, চিরাং ইউপি | চেয়ারম্যান, চিরাং ইউপি সভায় বলেন যে, সাগুলি রহিম উদ্দিনের বাড়ি হইতে দেরঘাট ভায়া তুরাব আলীর ক্ষেত পর্যন্ত রাস্তা নির্মাণ ও দেরঘাট খনন প্রকল্পটি আগাম পানি আসার জন্য পরিবর্তন করে মনাটিয়া উত্তরপাড়া আলতু মিয়ার বাড়ি হতে মসজিদ ভায়া বিদ্যা খাল পর্যন্ত রাস্তা নির্মাণ প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, সিনিয়র উপজেলা মৎস্য |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী বিভিন্ন ভাতাভোগীদের টাকা হ্যাকারদের মাধ্যমে নিয়ে যাচ্ছে। বিষয়টি দেখার জন্য অনুরোধ করেন। চিরাং ইউনিয়নে মৎস্য অভিযানের জন্য অনুরোধ করেন। কালিয়ান হাওরের অভয়াশ্রমটি সংস্কারের জন্য অনুরোধ করেন। | | কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ২৪. | চেয়ারম্যান, মোজাফরপুর ইউপি | চেয়ারম্যান, মোজাফরপুর ইউপি সভায় বলেন যে, সাজিউড়া হয়ে মাহমুদপুর এবং চিরাং বাজার থেকে মোজাফরপুর রাস্তাটি সংস্কারের জন্য অনুরোধ করেন। জালিয়ার হাওরে মৎস্য অভিযান করার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ২৫. | চেয়ারম্যান, মাসকা ইউপি | চেয়ারম্যান, মাসকা ইউপি সভায় বলেন যে, সকলকে ঈদের শুভেচ্ছা জানান। বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতার টাকা ভাতাভোগীরা সঠিকভাবে পাওয়ার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| বিবিধ-১ | বিবিধ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার নিম্নবর্ণিত ব্যয় অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br>ক) উপজেলা পরিষদের ০২টি কম্পিউটার সার্ভিসিং কীবোর্ড ও মাউস ক্রয়ের বিল বাবদ ৫,১৮২/- টাকা চেক নং-৬২০৫১৫১ তারিখ: ২২.০৬.২০২৩ মূলে জনাব আমান উল্লাহ, সাটমুদ্রাক্ষরিক কাম-কম্পি: অপারেটর উপজেলা পরিষদ, কেন্দুয়াকে প্রদান।<br>খ) ১৪৩০ বাংলা সনের হাট/বাজারের স্থানীয়ভাবে প্রচার ও আনুষাঙ্গিক খরচ বাবদ ৪৪,৯২৯/- টাকা চেক নং-৬২০৫১৫৮ তারিখ: ২২.০৬.২৩ মূলে জনাব আব্দুল বারী, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিস, কেন্দুয়াকে প্রদান।<br>গ) ডরমেটরী ভবনের সাবমারসিবল পাম্প মেরামত ও আনুষাঙ্গিক খরচ বাবদ ১০,৭৪০/- টাকা চেক নং-৬২০৫১৫৫ তারিখ: ২২.০৬.২০২৩ মূলে জনাব আমান উল্লাহ, সাটমুদ্রাক্ষরিক কাম-কম্পি: অপারেটর, উপজেলা পরিষদ, কেন্দুয়াকে প্রদান। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয়োত্তর অনুমোদিত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখঃ ২২ জুন ২০২৩ খ্রি.

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৩-৫১০
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৯, নেত্রকোণা -৩, (কেন্দুয়া - আটপাড়া) নির্বাচনী এলাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নেত্রকোণা।

২২/০৬/২০২৩
(কাবেরী জালাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখঃ২২ জুন ২০২৩ খ্রি.

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৩-৫১০
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
২। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মেয়র, কেন্দুয়া পৌরসভা, কেন্দুয়া, নেত্রকোণা।
৩। উপজেলা ........................................ কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা।
৪। চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৫। অফিস কপি।

২২/০৬/২০২৩
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা